দৈনিক সংবাদ

14

তারিখ 0 9 MAR 1997
পৃষ্ঠা 7 কলাম ৮

# ২৬টি সরকারি কলেজে অধ্যক্ষ নেই

॥ রাশেদ আহমেদ ॥

দেশের ২৬টি সরকারি কলেজে কোন অধ্যক্ষ নেই। এসব কলেজে গুরুত্বপূর্ণ এই পদ খালি রয়েছে দীর্ঘদিন থেকে, অথচ নতুন অধ্যক্ষ নিয়োগের ফাইল পড়ে আছে শিক্ষা মন্ত্রণালয়ে। একটি সূত্র জানায়, বিভিন্ন সরকারি কলেজের ১৪০ জন শিক্ষকের পদোন্নতি হবার কথা, এর মধ্যে ১১৬ জন অধ্যাপক পদে, ২৩ জন অধ্যক্ষ এবং ১ জন উপাধ্যক্ষ পদে পদোন্নতি

নেই ঃ পৃঃ ১২ কঃ ৭

## নেই ঃ অধ্যক্ষ

(১ম পৃষ্ঠার পর)

পাবেন। বেশ কয়েক মাস আগে তাদের পদোন্নতির প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়। ২২শে ফেব্রুয়ারি বিভাগীয় পদোন্নতি কমিটির বৈঠকে তা অনুমোদন হয়েছে। এই ফাইল এখন শিক্ষামন্ত্রীর অনুমোদনের পর প্রধানমন্ত্রীর দপ্তরে যাবে।

পদোন্নতির জন্য অপেক্ষমাণ একজন শিক্ষক জানান; বিভিন্ন জটিলতায় তাদের পদোন্নতি পেতে দেরি হচ্ছে। ঝিনাইদহ কে সি কলেজের রসায়ন বিভাগের শিক্ষক তফিজউদ্দিন মৃত্যুবরণ ও কিশোরগঞ্জের গুরুদয়াল কলেজের শিক্ষক মোঃ ইউনুস এলপিআরএ চলে গেছেন পদোন্নতির মুখ না দেখেই।

শিক্ষা মন্ত্রণালয়ের এক সূত্র জানায়, যে ২৬টি সরকারি কলেজে অধ্যক্ষের পদ খালি রয়েছে এর মধ্যে ২টি ঢাকাতে— কবি নজরুল ইসলাম সরকারি কলেজ ও সঙ্গীত কলেজ। খুলনা শহরে বিএল কলেজ ও বরিশালের বিএম কলেজের অধ্যক্ষের পদ খালি রয়েছে ৮/৯ মাস থেকে। এছাড়া উল্লেখযোগ্য কলেজগুলোর মধ্যে রয়েছে কুষ্টিয়া কলেজ, চাঁদপুর কলেজ, চিলহাটি কলেজ। এসব কলেজে সহযোগী অধ্যাপক দিয়ে দায়িত্ব চালিয়ে নেয়া হচ্ছে। জানা যায়, ২৩ জন সহযোগী অধ্যাপককে পদোন্নতি দিয়ে অধ্যাপক করা হলে তারা বিভিন্ন কলেজের অধ্যক্ষ হবেন। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের এক সূত্র জানায়, ২৩টি কলেজের অধ্যক্ষের পদ পূরণ হতে হতে আরো ৭/৮টি পদ খালি হয়ে যাবে। দু'এক মাসের মধ্যেই এসব অধ্যক্ষ চাকরি থেকে অবসর নেবেন।